# ২০১৮

# বাংলা — সাম্মানিক

## দ্বিতীয় পত্র

**পূর্ণমান - ১০০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

**(উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)**

১। (ক) মিশ্রকলাবৃত্ত বা তানপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞা দিয়ে তার গঠনরীতি সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা,*

(গ) সংজ্ঞা ও উদাহরণসহ পরিচয় দাও (***যে-কোনো দুটি***)। ৫+৫

দল, যতি, চরণ, মাত্রা, ছত্র।

২। ***যে-কোনো দুটি*** অংশের ছন্দোলিপি প্রস্তুত করো। ৫+৫

[মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতির উল্লেখ বাধ্যতামূলক]

(ক) হায় চিল, সোনালি ডানার চিল, এই ভিজে মেঘের দুপুরে
তুমি আর উড়ে-উড়ে কেঁদোনাকো ধানসিড়ি নদীটির পাশে।

(খ) সহচরি মঝু পরিখণ কর দূর।
কৈছে হৃদয় করি পন্থ হেরত হরি
সোঙরি সোঙরি মন ঝুর॥

(গ) মা, নিম খাওয়ালে চিনি ব'লে, কথায় করে ছলো।
ও মা, মিঠার লোভে, তিত মুখে সারাদিনটা গেল॥

(ঘ) দুই পাশে দুই অন্ধকার মধ্যিখানে চড়া
মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা।
হাতের উপর লক্ষ রেখা, রেখায় ছোটে জল
জলে ভাসছে গাছের পাতা, পাতায় উঠি চল।

(ঙ) কলকাতা কালোসাপ লেজ যার লেকে,
ফণা যার হাওড়ার পোলে :
মাঝরাতে দেখি তার মাথার উপর
পূর্ণিমা-চাঁদ জ্বলজ্বলে।

৩। (ক) অনুপ্রাস কাকে বলে? এই অলংকারের বিভিন্ন প্রকারের নাম উল্লেখসহ যে-কোনো দুটি প্রকার সম্বন্ধে বিস্তৃত আলোচনা করো। ২+৩+১০

*অথবা,*

(খ) সংজ্ঞা ও উদাহরণসহ যে-কোনো-তিনটি অলংকার সম্বন্ধে আলোচনা করো। ৫×৩

লুপ্তোপমা, অপহ্নুতি, সভঙ্গ শ্লেষ, সমাসোক্তি, উৎপ্রেক্ষা

৪। ***যে-কোনো দুটি*** অংশের অলংকার নির্ণয় করো। ৫×২

(ক) মধুহীন কোরো না গো তব মনঃকোকনদে।

(খ) বাহির দুয়ারে কপাট লেগেছে
ভিতর দুয়ার খোলা।

(গ) এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

(ঘ) স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,
কে বাঁচিতে চায়?

(ঙ) ফুলে ফলে পূর্ণ হয়ে ভেঙ্গে পড়ে ডাল।
এ দেহে যৌবন প্রিয় রাখি কত কাল॥

৫। (ক) 'মাথুর' বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম কী ? পাঠ্য পদের বিশ্লেষণ-সূত্রে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ৩+১+৮

*অথবা,*

(খ) 'পূর্বরাগ' কাকে বলে? পাঠ্য পদ অবলম্বনে পর্যায়টি সম্পর্কে আলোচনা করো এবং এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে তা নির্ণয় করো। ৩+৬+৩

৬। (ক) "পুন পুন গতাগতি করু ঘর পন্থ।
খেনে খেনে ফুল বনে চলই একান্ত॥"
— পদটি কোন্ পর্যায়ের? অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৩

*অথবা,*

(খ) "কর-কঙ্কণ-পণ ফণিমুখ-বন্ধন

শিখই ভুজগ-গুরু-পাশে।"

— কোন্ পর্যায়ের পদ? 'ভুজগ-গুরু' শব্দের অর্থ কী? উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ১+১+২

৭। (ক) "কবি মুকুন্দের প্রতিভায় শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতার রসদৃষ্টি ছিল।" — মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গলের পাঠ্য অংশ অবলম্বনে মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৪

*অথবা,*

(খ) ভাঁড়ু দত্ত এবং মুরারি শীল চরিত্র সৃষ্টিতে কবিকঙ্কণের কৃতিত্বের পরিচয় দাও। ১৪

৮। (ক) "দুঃখ কর অবধান দুঃখ কর অবধান

আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।"

— কোন্ অংশের অন্তর্গত? কার উক্তি? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+২

*অথবা,*

(খ) "উইচারা খাই আমি নামেতে ভালুক

নেউগী চৌধুরী নই না রাখি তালুক।"

— কোন্ অংশের অন্তর্গত? কার উদ্দেশে এ-কথা বলা হয়েছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+২

৯। (ক) "আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসি-কান্নায় ভরা গার্হস্থ্যের মর্মস্পর্শী রূপ।" — আলোচনা করো। ১২

*অথবা,*

(খ) শাক্ত পদকর্তা হিসেবে কবি রামপ্রসাদ সেনের প্রতিভার পরিচয় দাও । ১২

১০। (ক) "গিরিবর, আর আমি পারি নে হে,

প্রবোধ দিতে উমারে।"

— রচয়িতা কে? পদাংশটি কোন্ পর্যায়ের অন্তর্গত? বক্তার এহেন মন্তব্যের কারণটি স্পষ্ট করো। ১+১+২

*অথবা,*

(খ) "সে বেশ লুকালে কোথা করালবদনী?"

— পর্যায় ও কবির নাম উল্লেখ করো। অংশটির মধ্যে কবির যে মনোভাবের প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও। ২+২

রোল .................................................. নং ..................................................

১১। নীচে দেওয়া মূলকপিটি দেখে প্রুফকপিটি সংশোধন করো। মূলকপি ও সংশোধিত প্রুফকপি অবশ্যই উত্তরপত্রের সঙ্গে সংযুক্ত করে দেবে। রোল এবং নম্বর লেখা অত্যাবশ্যক। ৫

**মূলকপি**

এমন কুরুক্ষেত্র ইতিহাস দেখেনি কখনো,
বসন্ত গলিতপত্র;
বাতাস বারুদগন্ধ, অন্ধকার বিদ্যুৎখচিত;
রৌদ্রালোকে লেগেছে গ্রহণ।
ছুটে আসে পঙ্গপাল শত্রুর জোয়ার —
ট্যাঙ্ক, মৃত্যুঝলকিত কামান, সওয়ার।

**প্রুফকপি**

এ মন কুরূক্খেত্র ইতিহাসদেখনি কখনো
৮সন্ত গোলিত পত্র;
বাতাসা বারুদগন্ধ, অন্ধকার বিদ্দুত খচিত
রেদ্রালোকে লেগেছেগ্র হণ।
চুটে আশে পঙ্গপাল শোক্রর জোয়াড় —
টাংক মৃত্যুঝলকীত কামাণ সয়ার।

**অথবা**

(শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

নীচের ***যে-কোনো পাঁচটি*** বানান সংশোধন করো ঃ ৫

সম্যোক, আহ্বাহক, স্ফূরন, শারিরিক, মূমুর্ষু, নিরিক্ষন, সমীচিন , শশীভূশণ, বুৎপত্তি, আকাঙ্খা।